5000Rs.

INDIA NON JUDICIAL

৫০০০রু. | Rs 5000

सत्यमेव जयते
भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

M.V Rs. 11,84,000/-
ds Rs. 930/-

Market value Assessed Rs. 11,84,000/-
Stamp duty Payable Rs. 5930/-
Stamp duty Paid Rs. 5000/-
Deficit Stamp duty Rs. 469/-
deposited vide S.B.I
Draft. No 753912 Dt. 8/3/06

A. D. S. R Ranihati, Dist. Howrah.
8/3/06

50% Stamp Duty & Regn. Fee
Remitted vide G.O. No 2321
Dt. 23.1 /6 & G.O. No. 2336
Dt. 23/12/05

# দানপত্র কোবালা

<u>দানপত্র গ্রহীতা</u> ঃ -

শ্রী সোমনাথ বসু, পিতা স্বদেশ রঞ্জন বসু, জাতি - হিন্দু, পেশা - ব্যবসা, সাকিন - ঝোড়হাট, থানা - সাঁকরাইল, জেলা - হাওড়া।

Sl. 42662
Sold to.......Kana Basu
of.......Ibenhat Howrah
........................
........................

Kolkata Collectorate
Treasury.

Treasurer

Dated...10.3...2004.

Presented for Registration
at...11.40 A.M. on ... 17th
day of ... March 2004..
at the Add.District Sub-Registery
Office Ranihati, by ........................
one executants/claimants

Add. Dist. Sub-Registrar
Ranihati,
Dist—Howrah
17/3/04

L.H.1.3065

R.H.1 3066

S/D/o/o
W/O........................
of.. ........................
Thanks ........................
District Howrah,
by Profession........................

S/O
W/O ........................
of ........................
Thanks ........................
District Howrah,
Profession........................

Addl. Dist. Sub-Registrar
Ranihati,
Dist—Howrah

স্বদেশ রঞ্জন বসু

কণা বসু

দানপত্র দাতাদ্বয় ঃ -

১)শ্রী স্বদেশ রঞ্জন বসু, পিতা - স্বর্গীয় গিরীন্দ্র নাথ বসু, পেশা অবসরপ্রাপ্ত, ২) শ্রীমতী কণা বসু, স্বামী - শ্রী স্বদেশ রঞ্জন বসু, পেশা - গৃহস্থালী, উভয়ের জাতি - হিন্দু,উভয়ের সাকিন-ঝোড়হাট,থানা -সাঁকরাইল, জেলা - হাওড়া।

কস্য নিম্ন তপশীলে বর্ণিত রায়ত স্থিতিবান স্বত্ব বিশিষ্ট বাস্ত জমি ময় দ্বিতল বিশিষ্ট বাড়ী উক্ত বর্ণিত তপশীল জমির উপর অবস্থিত ও তৎসংলগ্ন কমন প্যাসেজের যাবতীয় ইজমেন্ট স্বত্ত্বাদি সহ সম্পত্তি শুভ দানপত্র দলিল মিদং কার্য্যাঞ্চাগে ঃ -

জেলা ও ডিষ্ট্রিকট রেজেষ্ট্রী অফিস হাওড়া, সাব রেজেষ্ট্রী অফিস রানীহাটী এলাকাধীন জে. এল. নং - ৩০, ঝোড় মৌজায় ১৬২ নং খতিয়ানে ১৫৫ নম্বর দাগ ভুক্ত সম্পত্তি মৃত নিখিল রঞ্জন ঘোষ ও তদীয় ভ্রাতাগণের পৈত্রিক দখলীয় সম্পত্তি থাকে। উক্ত লিখিল রঞ্জন ঘোষ মহাশয় তাঁহার শরীক গণের সহিত গত সন ১৯৫৪ সালে এককেতা রেজেষ্ট্রীকৃত পার্টিশান দলিলের দ্বারা উপরোক্ত সম্পত্তি সমুহ বিভাগ বন্টন করিয়া লয়েন। উক্ত বিভাগ বন্টন মুলে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি নিখিল রঞ্জন ঘোষ মহাশয়ের একার অংশে ষোল আনা নির্দিষ্ট হওয়ায় তিনি নির্বিবাদে স্বত্ববান ও দখলিকার থাকেন ও সরকার বাহাদুরকে খাজনাদি আদায় দেন।

উক্ত নিখিল রঞ্জন ঘোষ ইংরাজী সন ১৯৭০ সালে ২৭ শে এপ্রিল বাংলা সন ১৩৭৭ সালে ১৩ই বৈশাখ তারিখে এককেতা বিক্রয় পত্র কোবালা নং ১৩২৭ মূলে দুই নম্বর দাতা শ্রীমতি কনা বসু, স্বামী স্বদেশ রঞ্জন বসু তাঁহার গচ্ছিত স্ত্রীধন ও তাঁহার পরলোক গত পিতার দানের সাহায্যে ২(দুই) কাঠা ৯(নয়) ছটাক ৪২(বিয়াল্লিশ) স্কোয়ারফুট জায়গা ক্রয় করেন।

উক্ত নিখিল রঞ্জন ঘোষ পরলোক গমন করিলে তাঁহার ওয়ারিশগণ যথাক্রমে (১) শ্রী নলিনাক্ষ্য ঘোষ, (২) শ্রী নলিনী রঞ্জন ঘোষ, (৩)শ্রী অমিতাভ ঘোষ এবং (৪) শ্রীমতী উষা বালা ঘোষ, বক্রী সম্পত্তিতে স্বত্ববান ও দখলিকার থাকা অবস্থায় গত ইংরাজী ১৯৭৪ সালে ৯ই অকটোবর, বাংলা সন ১৩৮১ সালের ২২ শে আশ্বিন তারিখে এককেতা বিক্রয় দলিল নং ৪৬৩০ মূলে এক নম্বর ও দুই নম্বর দাতা শ্রী স্বদেশ রঞ্জন বসু ও তাঁহার স্ত্রী শ্রীমতী কনা বসু একত্রে দুইখন্ডে ১৫৯৬ ও ৩২৫ স্কোয়ার ফুট মোট ১৯২১ স্কোয়ারফুট অর্থ্যাৎ ২(দুই) কাঠা ১০(দশ) ছটাক ৩১ (একত্রিশ) স্কোয়ারফুট, সবৃক্ষ ডাঙ্গা জমি মায় তাহার পূর্ব্বদিকে অবস্থিত কমন প্যাসেজের ইজমেন্ট স্বত্ব ক্রয় করনে।

উক্ত সম্পত্তিতে দাতাগণ তাঁহাদের নাম মিউটেশান করাইয়া সরকার বাহাদুরকে খাজনা দিয়া স্বত্ববান ও দখলিকার অবস্থায় ইংরাজী ১৯৭৪ সালে দাগের উত্তরাংশের উপর ৪০০(চারশত) স্কোয়ারফুট জমির উপর দ্বিতল বিশিষ্ট পাকাবাড়ী নির্মান করিয়া নির্বিবাদে বসবাস করিয়া আসিতেছেন।

বর্তমানে দাতাগণের যথেষ্ট বয়স হওয়ায় তাঁহাদের কনিষ্ঠ পুত্র শ্রীমান সোমনাথ বসু অর্থ্যাৎ দানপত্র গ্রহীতা তাঁহাদের সেবা শুশ্রুষা করিয়া আসিতেছে এবং দাতাগণ সেবা তাহার সেবা শুশ্রুষায় যথেষ্ট সন্তুষ্ট হইয়াছেন।

এক্ষনে দাতাগণ তাঁহাদের কনিষ্ঠ পুত্র শ্রীমান সোমনাথ বসুকে তপশীল বর্ণিত সম্পত্তি ও তাহার উপর অবস্থিত দ্বিতল পাকা বাড়ী দান করিবার সিদ্ধান্ত গ্রহণ করেন এবং শ্রীমান সোমনাথ এই দানপত্র গ্রহণ করিবার ইচ্ছা প্রকাশ করিলে নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত ও অত্র দলিলের একাংশ রূপে পরিগণিত সংলগ্ন নকসায় লাল রঙের সীমারেখার দ্বারা দর্শিত দুই বন্ধে মাপ সুরত ৫(পাঁচ) কাঠা ৪(চার) ছটাক ২৮(আঠাশ) বর্গফুট রায়ত স্থিতিবান স্বত্বীয় দ্বিতল বিশিষ্ট পাকা বাড়ী সহ জমি উক্ত নকশায় বর্নিত কমন প্যাসেজের যাবতীয় ইজমেন্ট স্বত্ব সহ তপশীল সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায়, নির্দ্দোষ এবং খাস দখল থাকা অবস্থায় দাতাগণ দান গ্রহীতাকে দান করিয়া চির নিঃস্বত্ব হইলেন। পরবর্ত্তী কালে দাতাদ্বয়ের অন্য কোন ওয়ারিশ এই তপশীল বর্ণিত সম্পত্তি দাবী করিতে পারিবে না কোনো প্রকার দাবী বা হস্তক্ষেপ করিলে বাতিল ও নামঞ্জুর হইবে।

প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি দ্বাতাগণ কাহাকেও দান বিক্রয়াদি দ্বারা হস্তান্তর করেন নাই বা বন্ধকাদির দ্বারা দায় সংযুক্ত করা হয় নাই, উহা কাহাকেও কোনো প্রকারে বিলি বন্দোবস্ত বা ভাড়া বিলি করা হয়নি

বা অপর কাহাকেও বিক্রয় করিবার চুক্তি হয় নাই বা দেনার দায়ে ক্রোক বা নিলাম হয়নি। উহা কোন প্রকার চার্জ্জ যুক্ত নাই। উক্ত সম্পত্তি লইয়া কোনো প্রকার মামলা হয় নাই।

নিম্ন তপশীল বর্নিত ও সম্পত্তিতে দান গ্রহীতা দাতাদ্বয়ের স্বত্বে স্বত্ববান ও দখলিকার হইয়া এই সম্পত্তি সর্ব্বপ্রকার মালিকান স্বত্ব পরিচালনে উহাতে পাকা অট্টালিকা ও প্রয়োজন মত যে কোন গৃহাদি নির্মান ইত্যাদিতে ওয়ারিশ ও স্থলাভিষিক্ত গণক্রমে যদিচ্ছা মতে পরম সুখে ভোগ দখল করিতে পারিবেন তাহাতে দাতাদ্বয়ের নিম্ন তপশীল বর্নিত সম্পত্তিতে দানগ্রহীতা সর্ব্বপ্রকার মালিকানা স্বত্ব পাইলে ও সে কোন দিন দাতাদ্বয়দের জীবদ্দশায় কখনও দ্বিতল বিশিষ্ট পাকা বাড়ী যেখানে তাঁহারা বর্তমানে বসবাস করেন, সেখান হইতে চলিয়া যাইতে বলিতে পারিবেন না ~~এবং দাতাদ্বয়ের জীবদ্দশায় তপশীল বর্নিত সম্পত্তির উপর পাকা বাড়ীতে থাকার বসবাস করিবার স্বত্ব থাকিবে এবং ইহাতে দান গ্রহীতর কোনো আপত্তি থাকিবে না~~।

ষ্ট্যাম্প ডিউটি নির্দ্ধারন জন্য নিম্নে তপশীল বর্ণিতসম্পত্তি ও তদুপরিস্থিত দ্বিতল পাকা বাড়ীর মূল্যায়ন ১০,০০,০০০.০০( দশ লক্ষ) টাকা।

দাতাদ্বয় এতদর্থে সুস্থ শরীরে সরল মনে, অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় অত্র দলিলের মর্ম্ম সম্যক রূপে বুঝিয়া স্বেচ্ছায় এই দানপত্র কোবালা পত্র সম্পাদন করিলেন এবং দান গহীতা সরল মনে উক্ত দানপত্র গ্রহণ করিলেন।

ইতি তারিখ বাংলা ১৪১০ সালের ____ ফাল্গুন,

মোতাবেক ইংরাজী ২০০৪ সনের ____ মার্চ।

## তপশীল সম্পত্তির পরিচয়

জেলা ও ডিষ্ট্রিক্ট রেজেষ্ট্রী অফিস হাওড়া, সাব রেজেষ্ট্রী অফিস রানীহাটী এলাকাধীন থানা সাঁকরাইলের অন্তর্গত জে. এল. নং - ৩০, ঝোড়হাট মৌজায় ১৬২ (একশত বাষট্টি) নং খতিয়ানে ১৫৫ (একশত পঞ্চান্ন) নম্বর দাগে অত্র দলিল সংলগ্ন নকসায় লাল রঙের সীমা রেখা দ্বারা দর্শিত দুইখন্ডে মাপ সুরত যথাক্রমে ৫(পাঁচ) কাঠা ৪(চার)ছটাক ২৮(আঠাশ) স্কোয়ারফুট রায়ত স্থিতিবান স্বত্ব বিশিষ্ট ডাঙ্গা জমি ও তাহার উপর অবস্থিত প্রায় ৪০০(চারশত) স্কোয়ারফুট দ্বিতল পাকা বাড়ী মায় উক্ত নসকায় দর্শিত কমন প্যাসেজের যাবতীয় ইজমেন্ট স্বত্ব সহ হক হকুক সম্পত্তি হইতেছে।

### যাহার চৌহদ্দি

উত্তরে : ড্রেন।

দক্ষিণে : ৩ ফুট কমন প্যাসেজ।

পূর্ব্বে : ১৫ ফুট কমন প্যাসেজ।

পশ্চিমে : ১৬৭ নং দাগ।

ইসাদি ঃ -

১) Pravakar Jana
Jagacha
G.I.P. Colony
Howrah.

আমি অত্র দানকৃত সম্পত্তি
সানন্দে গ্রহন করিলাম।

(দানপত্র গ্রহীতার স্বাক্ষর)

২) Parimal Kumar Duari
Kampanpur (South)
P.O. Jhorehat (Howrah).

( দানপত্র দাতাদ্বয়ের স্বাক্ষর)

মুসাবিদাকারক ঃ -
Parimal Kumar Duari
পরিমল কুমার দুয়ারী Enrolment No. WB/62/1984
এ্যাডভোকেট
হাইকোর্ট,কোলকাতা - ৭০০ ০০১।

টাইপকারক ঃ -

গুহ টাইপ চেম্বার
১২ ওল্ড পোষ্ট অফিস স্ট্রীট
কোলকাতা - ৭০০ ০০১।

## DEED OF GIFT PLAN

OF MOUZA - JHOREHAT. J.L NO - 30. P.S - SANKRAIL

DIST - HOWRAH.

KHATIAN NO - 162. DAG NO - 155


PLOT A+B TOTAL AREA OF LAND :- 5K-4CH-28SFT.

PLOT SHOWN IN RED BORDER

DONOR :- SRI SWADESH RANJAN BASU & KANA BASU

DONEE :- SRI SOMNATH BASU

SCALE 1"INCH = 20'-0" FT



LEFT HAND | RIGHT HAND



Signature-

| LEFT HAND | | RIGHT HAND |
|---|---|---|
| | THUMB | |
| | FORE FINGER | |
| | MIDDLE FING | |
| | RING FINGER | |
| | LITTLE FING | |



Signature-

| LEFT HAND | | RIGHT HAND |
|---|---|---|
| | THUMB | |
| | FORE FINGER | |
| | MIDDLE FING. | |
| | RING FINGER | |
| | LITTLE FING | |



Signature-

| LEFT HAND | | RIGHT HAND |
|---|---|---|
| | THUMB | |
| | FORE FINGER | |
| | MIDDLE FING. | |
| | RING FINGER | |
| | LITTLE FING | |